



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক : ময়শিবো/পনি/বিবিধ/০৮/০২/১৯/২৬

তারিখ: ২৫/০৬/২০১৯ খ্রিঃ।

বিষয় : নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান সমূহের কেন্দ্রে অন্তর্ভুক্তি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষা প্রতিষ্ঠান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ প্রতিষ্ঠার পর ২০১৮ সাল থেকে নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি পেয়েছে কিন্তু কোন পরীক্ষা কেন্দ্রে অন্তর্ভুক্ত হয়নি সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে আগামী ০৩/০৭/১৯ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট আবেদন করতে অনুরোধ করা হলো।

আবেদনপত্রের সাথে যে সকল তথ্যাদি সংযুক্ত করতে হবে তা নিম্নরূপ-


১. নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিপত্রের কপি।
২. নিকটস্থ যে কেন্দ্রে অন্তর্ভুক্ত হতে চায়, সেই কেন্দ্র প্রতিষ্ঠানের অনাপত্তি পত্র (অনাপত্তিপত্রে আবেদনকারী প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করার পর উক্ত কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা কতজন হলো তা উল্লেখ থাকতে হবে)।

প্রাপকঃ

প্রধান শিক্ষক

নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(মোঃ সামদুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৫

E-mail : [conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২. বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. অফিস কপি।